

# সোলারিজ সিটিতে ক্রিসমাস কার্নিভাল

আর্থিক লিপি প্রতিবেদন: ইডেন  
রিয়েলটি সোলারিজ সিটি  
শ্রীরামপুরে শনিবার ক্রিসমাস  
কার্নিভালের আয়োজন করল।  
এদিন দুপুর ১২টা থেকে সন্ধ্যে  
৭টা পর্যন্ত ক্রিসমাস কার্নিভাল  
মহা সমারহে আয়োজন করা  
হয়। শ্রীরামপুর ও তার পার্শ্ববর্তী  
এলাকার বাসিন্দারা এই ক্রিসমাস  
কার্নিভাল নিয়ে খুবই উৎসাহিত।  
এই কার্নিভালে সাধারণ মানুষের  
জন্য অনেকগুলি খাবার স্টল  
খোলা হয়েছে।

এছাড়াও বিভিন্ন খেলা,  
কুইজ প্রতিযোগিতা ও বিভিন্ন  
মজার অনুষ্ঠানের আয়োজন করা  
হয়েছে। সব বয়সের মানুষই  
এখানে অংশগ্রহণ করতে  
পারবে। প্রতিযোগিতায় যারা জয়ী  
হবেন তাদের জন্য আকর্ষণীয়  
পুরস্কারের ব্যবস্থা রয়েছে।  
প্রতিজন পিছু এই কার্নিভালে  
অংশগ্রহণের জন্য টাকা ধাহ্য করা  
হয়েছে ৩০০। খাবার এবং  
খেলার জন্য কুপন বিনামূল্যে  
পাওয়া যাবে।